কালীগঞ্জে ৫ নারীকে সম্মাননা স্মারক প্রদান

ঝিনাইদহের কালীগঞ্জে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ ও বেগম রোকেয়া দিবস ২০২০ উদযাপন উপলক্ষে “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কর্মসূচির আওতায় গতকাল ৯ ডিসেম্বর ৫ জন জয়িতাদের মাঝে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

স্মারক প্রদান আনুষ্ঠানে অতিথিবৃন্দ এবং জয়িতারা তাদের নিজ নিজ অভিমত ব্যক্ত করেন। সম্মাননা স্মারক প্রদানকালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর সিদ্দিক এবং সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রাণী সাহা।

এছাড়াও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অঃদাঃ), একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বেশ কয়েকটি ক্যাটাগরিতে বিবেচনা করে এই ৫ জনকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের ঘটনা সমগ্র জাতিকে ব্যথিত করেছে-ইনু

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের ঘটনা সমগ্র জাতিকে ব্যথিত করেছে বলে জানিয়েছেন জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ সভাপতি ও সাবেক তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এমপি।

তিনি বলেন, বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের ঘটনা সমগ্র জাতিকে চরমভাবে ক্ষুব্ধ ও ব্যথিত করেছে। রাজনৈতিক মোল্লারা বঙ্গবন্ধুর

সংবিধান মুক্তিযুদ্ধ ও দেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে। এদের কোন মাফ নেই।

গত মঙ্গলবার সকালে তিনি কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের ঘটনাস্থল পরিদর্শন ও প্রতিবাদ সমাবেশ ও বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ শেষে সাংবাদিকদের একথা বলেন।

তিনি বলেন, বঙ্গবন্ধুর ভাস্কর্য জাতীয় ইতিহাস ঐতিহ্য মুক্তিযুদ্ধে মীমাংসিত সংবিধানের বিষয়ে কোনো ছাড় দেয়ার সুযোগ নেই। যেই রাজনৈতিক মোল্লা ও রাজাকাররা ধর্মের নামে স্বাধীনতার বিরোধিতা করে ৩০ লক্ষ মানুষ হত্যা করেছে, লক্ষ লক্ষ মা বোনকে ধর্ষণ করেছে, সেই দেশদ্রোহী রাজনৈতিক মোল্লা রাজাকার নব্য রাজাকারদের কাছে ধর্মের ইজারা দেওয়া হয়নি বলেও তিনি উল্লেখ করেন।

জাসদ সভাপতি হাসানুল হক ইনু আরও বলেন, এই রাজনৈতিক মোল্লারা কখনও রাজাকারদের কখনও জঙ্গিদের কখনো পাকিস্তানের কখনও বিএনপি-জামাতের ভাড়াটে খেলোয়াড়। এই রাজনৈতিক মোল্লারা ফতুয়া দেয়ার অধিকার হাইকোর্টের রায় অনুযায়ী কর্তৃপক্ষ ছাড়া ফতোয়া দেয়া বেআইনি বলেও জানান তিনি।

সাবেক এই তথ্যমন্ত্রী বলেন, বাংলাদেশ রাষ্ট্র ধর্ম নিরপেক্ষতা নীতির ভিত্তিতে চলবে সব ধর্মের মানুষ শান্তিতে তাদের ধর্ম পালন করবে ধর্মের নামে অশান্তি ভাগাভাগি বাড়াবাড়ির অপচেষ্টা রুখে দেয়া হবে।

এসময় কেন্দ্রীয় জাসদের সাংগঠনিক সম্পাদক ও কুষ্টিয়া জেলা জাসদের সাধারণ সম্পাদক আব্দুল আলীম জেলা জাসদের সভাপতি গোলাম মহসিন, কারসেল আলম, জিল্লুর রহমান, মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আহমেদ আলীসহ বিভিন্ন জাসদ নেতৃবৃন্দ ও জাসদ ছাত্রলীগ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে জাসদের জেলা-উপজেলার নেতৃবৃন্দ এবং উপস্থিত জনগণকে সাথে নিয়ে কুষ্টিয়া শহরের পৌর বিজয় উল্লাস থেকে এক বিশাল প্রতিবাদ মিছিল বের করে।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের বিক্ষোভ

কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মাণাধীণ ভাস্কর্য ভাঙ্গার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

গতকাল বুধবার বিকালে কেদারগঞ্জ বাজার প্রাঙ্গণে এ বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করা হয়।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে বিক্ষোভ মিছিলটি শহড়ের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় বাজার প্রাঙ্গণে রয়েল কাউন্টারের সামনে এসে শেষ হয়।

পরে সেখানে এক সমাবেশের আয়োজন করা হয়।

এ সময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক এ্যাড. ইব্রাহীম শাহীন, সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবার রহমান মধু, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হক খোকন, মোনাখালী ইউনিয়ন আওয়ী লীগের সভাপতি রফিকুল ইসলাম অপা গাইন,

মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড. রুতশোভা বিশ্বাস, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন, উপজেলা শ্রমীকলীগের সভাপতি আবুল কালাম আজাদ, উপজেলা কৃষক লীগের সভাপতি নজরুল মন্ডল, বাগোয়ান ইউনিয়ন পরিষদের সাবেক (ভাঃপ্রাঃ) চেয়ারম্যান আক্কাস আলী,

জেলা পরিষদের সদস্য শাহীন উদ্দীন, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা ছাত্রলীগের

সভাপতি হেলাল উদ্দীন লাভলু, সাধারণ সম্পাদক শেখ সাকিব, মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজের সাবেক সভাপতি সাহওয়ালীউল্লাহ সোহাগসহ আওয়ামী লীগ সংগঠনের নেতাকর্মীরা উক্ত বিক্ষোবে অংশ নেন।

বিক্ষোভ মিছিল শেষে রয়েল কাউন্টারের সামনে জেলা আওয়ামী লীগের অন্যতম সদস্য রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে এক জনসমাবেশ অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, গত শুক্রবার দিবাগত রাতের কোনো এক সময়ে কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মাণাধীণ ভাস্কর্যের হাত ও মুখের অংশ ভাঙচুর করে দুর্বৃত্তরা। এ ঘটনায় চারজনকে আটক করেছে পুলিশ।

সর্বনাশা পরকীয়া, তিন বছর পর জানা গেল শহিদুলের মৃত্যুরহস্য!

২০১৭ সালের ২৩ ডিসেম্বর নিখোঁজ হন কুষ্টিয়ার কুমারখালীর শহিদুল ইসলাম (৪৭) নামে এক গরু ব্যবসায়ী। পরদিন মাগুরার শ্রীপুর উপজেলার চীবর গ্রামে একটি ফাঁকা জমিতে তার লাশ পায় পুলিশ। এ সময় লাশটি গলা ও দুই পায়ের রগ কাটা অবস্থায় পড়ে ছিল। তৎক্ষণাৎ পরিচয় জানতে না পেরে লাশটিকে অজ্ঞাত দেখিয়ে একটি মামলা করেন শ্রীপুরের ১ নম্বর গয়েশপুর ইউনিয়নের গ্রাম পুলিশ নিরঞ্জন কুমার বিশ্বাস।

এ ঘটনার তিন বছর পর খুনের রহস্য উদঘাটন করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। অপহরণ মামলার তদন্ত করতে গিয়ে পুলিশ এই খুনের রহস্য উদঘাটন করেছে।

গতকাল মঙ্গলবার রাজধানীর মালিবাগে সিআইডি কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে সংস্থার ডিআইজি শেখ নাজমুল আলম বলেন, অপহরণ মামলাটি তদন্তের দায়িত্ব পাওয়ার পর গত ২২ নভেম্বর কুমারখালী থেকে রোজিনা বেগমকে গ্রেপ্তার করা হয়। পরবর্তীতে রোজিনা হত্যার কথা

জানিয়ে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেন। এখন আমরা আদালতে করা অপহরণ মামলাটির চূড়ান্ত প্রতিবেদন দিয়ে দেব এবং মাগুরার শ্রীপুর থানায় হওয়া হত্যা মামলাটি পুনর্জীবিত করার আবেদন করব।

জানা যায়, এক বছরের বেশি সময় ছেলের কোনো খোঁজ না পেয়ে শহিদুলের মা তমিরুন নেসা বাদী হয়ে কুষ্টিয়ার আদালতে একটি অপহরণ মামলা করেন। মামলায় শহিদুলের মৃত শ্যালক মোতাহারের স্ত্রী রোজিনা বেগম, তার বাবা জব্বার শেখ ও মা মতিরন নেসাকে আসামি করা হয়। আদালত ২০১৯ সালের ৫ মার্চ মামলাটি থানাকে নিয়মিত মামলা হিসেবে গ্রহণের নির্দেশ দেয়। এরপর পুলিশ সদর দফতর ওই বছরের ৫ নভেম্বর অপহরণ মামলাটি সিআইডিকে তদন্তের নির্দেশ দেয়।

সিআইডির তদন্ত সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে জানা যায়, শহিদুলের শ্যালক মোতাহারের সঙ্গে রোজিনা বেগমের বিয়ে হয়। মোতাহারের ভালো ঘর না থাকায় সে বউ নিয়ে দুলাভাই শহিদুলের বাড়িতেই ছিলেন। এ সময় শ্যালকের বউয়ের প্রেমে পড়েন শহিদুল। বিষয়টি জানাজানি হলে মোতাহার তার স্ত্রীকে নিয়ে আলাদা বাড়ি করে থাকা শুরু করেন। তবে এর কয়েক বছর পর মোতাহার মারা যান। এর মধ্যে শহিদুলের স্ত্রীও মারা যান। তখন শহিদুল শ্যালকের স্ত্রীর সঙ্গে সম্পর্ক নিয়মিত করার চেষ্টা করেন। তাকে বিয়েও করতে চান। তবে সম্পর্ক থাকলেও শহিদুলকে বিয়ে করতে রাজি হননি রোজিনা। এদিকে তার গ্রামে এই সম্পর্ক নিয়ে সমালোচনা শুরু হয়।

পরবর্তীতে রোজিনা তার বাবার বাড়িতে চলে যান। তবে শহিদুলের সঙ্গে রোজিনার যোগাযোগ ছিল। কয়েকমাস পর রোজিনা ঢাকার মানিকগঞ্জে চলে আসেন। আকিজ গ্রুপে কাজ নেন। সেখানে মোমিন নামে একজনের সঙ্গে তার প্রেমের সম্পর্ক হয়। মোমিনের গ্রামের বাড়ি মাগুরার শ্রীপুরে। তাকে বিয়ে করেন রোজিনা। তবে এরপরও শহিদুল তাকে ফোন করতেন। পরে মোমিন ও রোজিনা পরিকল্পনা করেন শহিদুলকে হত্যা করার। এরপর তারা দু’জন ঢাকা থেকে মাগুরার শ্রীপুরে চলে যান।

রোজিনা শহিদুলকে ফোন করে জানান, তিনি তাকে বিয়ে করবেন। ২০১৭ সালের ২৩ ডিসেম্বর রাতে বিয়ের কথা বলে শ্রীপুরে নিয়ে যাওয়া হয় শহিদুলকে। শ্রীপুরের লাঙ্গলবাদ বাজার থেকে এক কেজি মিষ্টি কেনেন শহিদুল। ওই বাজারে আগে থেকেই শহিদুলের জন্য অপেক্ষা করতে থাকেন রোজিনা ও মোমিন। তারা দু’জন শহিদুলকে একটি খোলা মাঠ থেকে হাঁটিয়ে নিয়ে যান।

দূরের আলো দেখিয়ে রোজিনা শহিদুলকে বলেন, ‘ওই বাতিজ্বলা বাড়িটি আমার বান্ধবীর, সেখানে যাব।’ এরপর খোলা মাঠের ভেতর দিয়ে তাকে নিয়ে যান। মাঠের কিছু দূর যাওয়ার পর রোজিনা ও মোমিন মিলে শহিদুলকে জাপটে ধরেন। প্রায় আধাঘণ্টা তাদের মধ্যে ধস্তাধস্তি হয়। এরপর শহিদুল ক্লান্ত হয়ে গেলে রোজিনা তার বুকের ওপরে উঠে বসে দুই হাত চেপে ধরেন। এক পর্যায়ে মোমিন চাকু দিয়ে গলায় একাধিকবার ছুরিকাঘাত করেন। মৃত্যু নিশ্চিত করতে তার হাত পায়ের রগ কেটে দেন মোমিন। ধস্তাধস্তির সময় চাকুর আঘাতে মোমিন ও রোজিনারও হাত কেটে যায়। তাই তারা বাড়িতে গিয়ে জানান, ছিনতাইকারীর কবলে পড়েছিলেন।

পরের দিন শ্রীপুর থানা পুলিশ অজ্ঞাত হিসেবে শহিদুলের লাশ উদ্ধার করে। ধারণা করা হয়েছিল চরমপন্থিরা তাকে হত্যা করেছে। একটি হত্যা মামলা হলেও থানা পুলিশ তদন্তের কোনো কূলকিনারা না করতে পারায় হত্যা মামলার চূড়ান্ত প্রতিবেদন জমা দেয়। লাশ অজ্ঞাত হিসেবেই থাকে। কারণ ওই এলাকায় শহিদুলকে কেউ চিনতে পারেনি।

মামলার তদন্ত কর্মকর্তা এসআই সুজিত কুমার কর জানান, তিনি মামলা তদন্ত করতে গিয়ে প্রথমে শহিদুলের সর্বশেষ অবস্থান কোথায় ছিল তা শনাক্তের চেষ্টা করেন। প্রযুক্তির সাহায্যে তিনি জানতে পারেন, সর্বশেষ অবস্থান ছিল মাগুরার শ্রীপুরের লাঙ্গলবাদ বাজারে। রোজিনারও অবস্থান ছিল একই এলাকায়। এরপর তারা রোজিনাকে ঢাকার আশুলিয়া থেকে গ্রেপ্তার করে জিজ্ঞাসাবাদ শুরু করেন। পরবর্তীতে তার দেওয়া তথ্যে গত ৭ ডিসেম্বর নরসিংদীর মাধবদী উপজেলা থেকে মোমিনকে গ্রেপ্তার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তিনিও হত্যার কথা স্বীকার করেছেন।

‘বেগম রোকেয়ার প্রদর্শিত পথেই নারী জাগরণ সৃষ্টি করেছিলেন

খালেদা জিয়া’

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বেগম রোকেয়ার প্রদর্শিত পথ ধরেই বেগম খালেদা জিয়া নারী শিক্ষা, ক্ষমতায়ন এবং কর্মসংস্থানে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে নারী জাগরণ সৃষ্টি করেছিলেন।

রোকেয়া দিবসে বিএনপির ভারপ্রাপ্ত দপ্তর সম্পাদক সৈয়দ এমরান সালেহ প্রিন্স স্বাক্ষরিত এক বিবৃতিতে এসব কথা বলেন মির্জা ফখরুল।

বিবৃতিতে ফখরুল বলেন, বেগম রোকেয়া নারী সমাজে শিক্ষার আলো পৌঁছে দিতে যে ভূমিকা পালন করেছেন তা বৈপ্লবিক। তিনি দূরদর্শী দৃষ্টিভঙ্গিতে উপলব্ধি করেছিলেন যে, নারীর ভাগ্যোন্নয়নে শিক্ষা ও স্বাবলম্বিতা গুরুত্বপূর্ণ। সংসার, সমাজ ও অর্থনীতি জীবনের এই তিনটি ক্ষেত্রে নারীকে স্বায়ত্ত্বশাসিত ও আত্মমর্যাদাশীল হতে তিনি গভীরভাবে উদ্বুদ্ধ করেছিলেন। আর এ জন্য তিনি বিশ্বাস করতেন নারীকে উপযুক্ত শিক্ষায় শিক্ষিত হতে হবে।

তিনি আরো বলেন, নারী সমাজকে স্বাবলম্বী করতে রোকেয়া সামাজিক আন্দোলন গড়ে তুলেছিলেন, শত বাধা-বিপত্তি সত্ত্বেও। জিয়াউর রহমান বীর উত্তম নারীদেরকে চার দেয়ালের ভেতর থেকে বের করে এনে জাতীয় অর্থনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করেছিলেন।

বিএনপি মহাসচিব বলেন, বেগম রোকেয়ার পথই আজকের নারী সমাজকে এগিয়ে যাওয়ার প্রেরণা জোগাবে। আজকে এই দিনে আমি মহিয়সী নারী বেগম রোকেয়ার আদর্শে উজ্জীবিত হয়ে নারী সমাজকে দেশ ও জাতির কল্যাণে আত্মনিবেদিত হওয়ার জন্য আহ্বান জানাই।

সাংবাদিক কনক সরওয়ারের ইউটিউব

কনটেন্ট বন্ধের নির্দেশ

বিদেশে থাকা সাংবাদিক কনক সরওয়ারের ইউটিউব কনটেন্ট বন্ধ করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

লিবারেল ডেমোক্র্যাটিক পার্টির প্রেসিডেন্ট কর্নেল (অব.) অলি আহমেদ বীর বিক্রমের এক সাক্ষাৎকার প্রচারের ঘটনায় এই নির্দেশ দিলেন হাইকোর্ট।

ওই সাক্ষাৎকারে ইতিহাস বিকৃতির অভিযোগ এনে সুপ্রিম কোর্টের এক আইনজীবীর রিটের প্রাথমিক শুনানি নিয়ে মঙ্গলবার বিচারপতি মো. খসরুজ্জামান ও বিচারপতি মো. মাহমুদ হাসান তালুকদারের হাইকোর্ট বেঞ্চ রুলসহ এ আদেশ দেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট শাহ মঞ্জুরুল হক।

১০০ দিনে ১০ কোটি মানুষকে টিকা দেবে আমেরিকা!

দায়িত্ব নেওয়ার প্রথম ১০০ দিনের মধ্যেই ১০ কোটি ডোজ করোনাভাইরাসের টিকা দেওয়ার টার্গেট নিয়েছেন আমেরিকার নবনির্বাচিত প্রেসিডেন্ট জো বাইডেন।

মঙ্গলবার দিলওয়ারে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। খবর বিবিসির।

বাইডেন বলেন, “আমার প্রথম ১০০ দিনে করোনাভাইরাস নিঃশেষ হয়ে যাবে না। আমি সেই প্রতিশ্রুতি আপনাদের দিতে পারব না। খুব দ্রুত যেমন এ পরিস্থিতি তৈরি হয়নি, রাতারাতি আমরা এখান থেকে বের হতেও পারব না। তবে আমার প্রথম ১০০ দিন সংক্রমণের (করোনাভাইরাস) প্রাদুর্ভাব কমে যাবে এবং আমেরিকানদের জীবনেও পরিবর্তন আসতে শুরু করবে।”

ক্ষমতা নেওয়ার প্রথম ১০০ দিন সবাইকে মাস্ক পরারও আহ্বান জানান বাইডেন। এই সময়ে স্কুল-কলেজও খুলে দেওয়ার ব্যবস্থা করবেন বলে

জানান তিনি।

সংবাদ ক্যালিফোর্নিয়ার অ্যাটর্নি জেনারেল জেভিয়ার বেসেরাকে সবার সঙ্গে পরিচয় করিয়ে দেন বাইডেন। জানান স্বাস্থ্যমন্ত্রী হিসেবে তাকেই পছন্দ নতুন প্রেসিডেন্টের। আর রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (সিডিসি) প্রধান হিসেবে রোচেল ওয়ালেনস্কির নাম ঘোষণা করা হয়।

হংকং ইস্যুতে চীনের ১৪ কর্মকর্তার বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা

সম্প্রতি হংকংয়ে ভিন্নমত দমনের সঙ্গে জড়িত থাকার অভিযোগে চীনের ১৪ কর্মকর্তার বিরুদ্ধে অর্থনৈতিক ও ভ্রমণ নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র। এর জবাবে চীনও পাল্টা হুঁশিয়ারি দিয়েছে। খবর রয়টার্স।

প্রকাশিত খবরে বলা হয়েছে, যুক্তরাষ্ট্র গত সোমবার এ নিষেধাজ্ঞা আরোপের ঘোষণা দিয়েছে। নিষেধাজ্ঞা কবলিতদের মধ্যে আছেন চীনের ন্যাশনাল পিপলস কংগ্রেস স্ট্যান্ডিং কমিটির (এনপিসিএসসি) ভাইস চেয়ারপারসন।

এনপিসিএসসি’র বিরুদ্ধে হংকংয়ের জনগণের নির্বাচিত প্রতিনিধি পছন্দের সক্ষমতা কেড়ে নেওয়ার অভিযোগ করেছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও।

হংকংয়ের বেইজিং-সমর্থিত সরকার গতমাসে ভিন্নমত দমনে চীনের দেওয়া নতুন ক্ষমতাবলে বিচারবিভাগ থেকে চার বিরোধীদলীয় সদস্যকে বহিস্কার করেছে।

এর প্রতিবাদে পদত্যাগ করেন হংকংয়ের গণতন্ত্রপন্থি বিরোধীদলীয় আইনপ্রণেতারা। পশ্চিমা দেশগুলোও হংকংয়ের এ পদক্ষেপে উদ্বিগ্ন হয়ে ওঠে। যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার আওতায় ১৪ কর্মকর্তার

যুক্তরাষ্ট্রে ভ্রমণ নিষিদ্ধ হওয়াসহ যুক্তরাষ্ট্রে তাদের সম্পদ জব্দ হবে। যুক্তরাষ্ট্রের কোনো ব্যক্তি বা কোম্পানির সঙ্গে তাদের লেনদেনও নিষিদ্ধ থাকবে।

বার্সেলোনাকে পাত্তাই দিলো না জুভেন্টাস

বার্সেলোনাকে তাদেরই মাঠে উড়িয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হলো জুভেন্টাস। ক্যাম্প নউয়ে মঙ্গলবার (৮ ডিসেম্বর) রাতে চ্যাম্পিয়ন্স লিগের ‘জি’ গ্রুপের ম্যাচে ৩-০ গোলে জয় পেল জুভেন্টাস। সব প্রতিযোগিতা মিলে এ নিয়ে টানা দুই ম্যাচ হারলো বার্সেলোনা। গত ৫ ডিসেম্বর লা লিগায় নবাগত কাদিসের মাঠে তারা ২-১ গোলে হেরেছিল।

শুরুর ২০ মিনিটে মধ্যে দুই গোল করে ম্যাচের নিয়ন্ত্রণ নেয় জুভেন্টাস। প্রথম সুযোগটি তারা পেয়েছিল ৯ম মিনিটে। তবে বাম দিক থেকে সতীর্থের বাড়ানো বল ডি-বক্সে পেয়ে তুলনামূলক ভালো পজিশনে থাকা হুয়ান কুয়াদরাদোকে পাস না দিয়ে গোলরক্ষক বরাবর শট নেন রোনালদো। ৪ মিনিট পর তার সফল স্পট কিকেই এগিয়ে যায় সফরকারীরা।

বাম দিক দিয়ে ডি-বক্সে ঢুকে পড়া রোনালদোকে ফাউল করে বসেন চোট কাটিয়ে ১ মাস পর সম্প্রতি ফেরা ডিফেন্ডার রোনালদো আরাহো। পেনাল্টির বাঁশি বাজাতে দ্বিতীয়বার ভাবতে হয়নি রেফারিকে। গোলরক্ষককে বোকা বানিয়ে বরাবর শটে বল কাঙ্ক্ষিত ঠিকানায় পাঠান পর্তুগিজ ফরোয়ার্ড।

২০তম মিনিটে দারুণ নৈপুণ্যে ব্যবধান দ্বিগুণ করেন ম্যাককেনি। ডান দিক থেকে কুয়াদরাদোর ক্রস ৬ গজ বক্সের বাইরে পেয়ে শরীর পুরো শূন্যে ভাসিয়ে ডান পায়ের ভলিতে গোলরক্ষককে পরাস্ত করেন যুক্তরাষ্ট্রের এই মিডফিল্ডার।

দ্বিতীয়ার্ধের সপ্তম মিনিটে রোনালদোর দ্বিতীয় গোলে ম্যাচের নিয়ন্ত্রণ পুরোপুরি পেয়ে যায় জুভেন্টাস। বার্সেলোনার ডি-বক্সে

ডিফেন্ডার ক্লেমোঁ লংলের হাতে বল লাগলে ভিএআরের সাহায্যে পেনাল্টির বাঁশি বাজার রেফারি। এবার জোরালো কোনাকুনি শটে গোলটি করেন চ্যাম্পিয়ন্স লিগের রেকর্ড গোলদাতা। প্রতিযোগিতায় তার মোট ১৩৩টি গোল হলো।

৭০তম মিনিটে বার্সেলোনার পক্ষে পেনাল্টির বাঁশি বাজিয়েছিলেন রেফারি, তবে আগমুহূর্তে গ্রিজমান অফসাইডে থাকায় সেটাও বাতিল হয়ে যায়। ৭৬তম মিনিটে খুব কাছ থেকে বোনুচ্চি জালে বল পাঠিয়ে ম্যাচ শেষ করে দেওয়ার উচ্ছাসে মেতেছিলেন। কিন্তু অফসাইডে ছিলেন তিনি।

খেলার নির্ধারিত সময়ের শেষ মিনিটে আবারও মেসিকে হতাশ করেন বুফ্ফন। ডি-বক্সের মুখ থেকে তার বাম পায়ের শট ঝাঁপিয়ে ঠেকান আগামী জানুয়ারিতে ৪৩ বছর পূর্ণ করার অপেক্ষায় থাকা বিশ্বকাপজয়ী এই গোলরক্ষক।

রেফারির বিরুদ্ধে গুরুতর অভিযোগ, ১৪ মিনিট পর বন্ধ নেইমারদের ম্যাচ

মঙ্গলবার মুখোমুখি হয় পিএসজি এবং ইস্তানবুল বাসাকসেহিরে। খেলা চলছিল। কিন্তু এর মধ্যেই রেফারির বিরুদ্ধে ওঠে গুরুতর অভিযোগ। স্থগিত হয়ে যায় ম্যাচ।

জানা গেছে, ম্যাচের চতুর্থ রেফারির বিরুদ্ধে বর্ণবাদের অভিযোগের কারণে পিএসজি এবং ইস্তানবুল বাসাকসেহিরের ওই ম্যাচটি স্থগিত করা হয়েছে। তবে দুই দলের সম্মতিতে বুধবার আবারও বল মাঠে গড়াবে।

ইস্তানবুলের অভিযোগ, চতুর্থ কর্মকর্তা সেবাস্তিয়ান কোল্টেস্কু তাদের সহকারী কোচ পিয়ের ওয়েবোর উদ্দেশ্যে বর্ণবাদী ভাষা ব্যবহার করেছেন।

ক্যামেরুনের সাবেক খেলোয়াড় ওয়েবোকে ওই সময় সাইডলাইনে তর্কাতর্কি করতে দেখা যায়। রেফারি তাকে লালকার্ড দেখান।

প্রতিবাদে ইস্তানবুলের সব খেলোয়াড় মাঠ থেকে বেরিয়ে যান। তাদের সমর্থন করে পিএসজিও মাঠ ছাড়ে।

১৪তম মিনিটের এই ঘটনার সময় দুই দলই গোলহীন ছিল। বুধবার এখান থেকে আবার খেলা হবে।

দিনের অন্য ম্যাচে ম্যানচেস্টার ইউনাইটেড হেরে যাওয়ায় আগেই শেষ ষোলোয় চলে গেছে পিএসজি।

উয়েফা বিবৃতিতে বলেছে, ‘আমরা ঘটনাটি তদন্ত করে দেখছি। দুই দল সম্মতি দেয়ায় বুধবার আবার খেলা হবে।’

ইস্তানবুলের খেলোয়াড়দের সাইডলাইনে বলতে শোনা যায়, ‘কেন তুমি কালো লোক বললে? এটা কি তোমাকে বলতেই হবে?’

টিভি ফুটেজে দেখা গেছে পিএসজির এক খেলোয়াড় বলছেন, ‘সে সিরিয়াস? আমরা যাই। আমরা যাই। হয়েছে, আমরা যাই।’

পরে পিএসজি ফরোয়ার্ড এমবাপে টুইটে বলেন, ‘বর্ণবাদকে না বলুন। ওয়েবো আমরা সঙ্গে আছি।’

তুর্কি প্রেসিডেন্ট এরদোয়ানও এই ঘটনার সমালোচনা করে বিবৃতি দিয়েছেন। বলেছেন, উয়েফার বিচার করা উচিত।